## অধ্যায়-দশ

# বাংলাদেশের সামাজিক সমস্যা

■ **সৃজনশীল প্রশ্ন ও উত্তর** ▼▼⬇

**প্রশ্ন- ১ ▸▸**

জাহিদ রৰণশীল পরিবারের একমাত্র সন্তান। নাসিমার সাথে জাহিদের বিয়েতে জাহিদের মা বাবা কিছু মূল্যবান উপহারসামগ্রী ও ব্যবসা করার জন্য ৫ লৰ টাকা নিতে চাইলে জাহিদ সেগুলো নিতে রাজি হয় নি। জাহিদ তাদেরকে বুঝিয়ে বললো যে, এগুলো গ্রহণ করা কিংবা এই প্রথাকে সমর্থন করা তার পৰে অসম্ভব। জাহিদের বাবা-মা নিজেদের ভুল বুঝতে পারলেন।

ক. এথেন্সে বিয়ের পর কনে স্বামীর ঘরে কি নিয়ে যেত? ১

খ. কন্যা সন্তানকে উচ্চশিৰা গ্রহণে উদ্বুদ্ধ করার প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ. জাহিদের বাবা মায়ের প্রস্তাবটি আমাদের দেশের কোন প্রথাটিকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ.উদ্দীপকের উলেৱখিত প্রথার রোধ কল্পে কী কী পদৰেপ নেয়া যেতে পারে? তোমার মতামত দাও। ৪

**ক** এথেন্সে বিয়ের পর কনে স্বামীর ঘরে অর্থ-সম্পদ নিয়ে যেত।

**খ** কেবল ছেলে সন্তান নয়, কন্যাসন্তানকেও উচ্চশিৰা গ্রহণে উদ্বুদ্ধ করতে হবে। কারণ, কন্যা উচ্চশিৰিত হলে যৌতুক প্রথার বিরুদ্ধে সোচ্চার ও সচেতন হতে পারবে। মেয়েদেরকে উচ্চশিৰিত করে গড়ে তুলতে পারলে তাদের কর্মসংস্থানের পথ সুগম হবে। তারা আত্মনির্ভরশীল হলে যৌতুকের অভিশাপ থেকে মুক্তি পাবে। তাই কন্যা সন্তানকে উচ্চশিৰা গ্রহণে উদ্বুদ্ধ করা প্রয়োজন।

**গ** জাহিদের বাবা-মায়ের প্রস্তাবটি আমাদের দেশের যে প্রথাটিকে ইঙ্গিত করে সেটি হলো 'যৌতুক প্রথা'। সাধারণত বিয়ের সময় বর বা কনে বিপরীত পৰের কাছ থেকে যে অর্থ বা সম্পত্তি দাবি করে ও গ্রহণ করে তাকেই বলা হয় যৌতুক। এটি একটি সামাজিক কুপ্রথা। বাংলাদেশের অনেক সম্পদশালী মানুষ তাদের কন্যার বিয়েতে বিপুল অঙ্কের যৌতুক দেয়। ধনী পিতা-মাতার ধারণা যৌতুকের কারণে তাদের কন্যা স্বামীর ঘরে মাথা উঁচু করে থাকবে। উদ্দীপকে রৰণশীল জাহিদের পরিবার নাসিমার পরিবারের নিকট থেকে অর্থ-সম্পদ চেয়েছিল যা যৌতুক প্রথাকে নির্দেশ করে। কিন্তু জাহিদ সেগুলো নিতে অস্বীকার করে। সুতরাং কনের পৰে থেকে বিয়ের সময় যে সম্পদ বর পৰ গ্রহণ করে তাকে যৌতুক বলে। উদ্দীপকে সেটিই প্রমাণিত হয়েছে।

**ঘ** উদ্দীপকে উলিৱখিত প্রথাটি হলো 'যৌতুক প্রথা'। এটি একটি ঘৃণিত সামাজিক ব্যাধি। তাই এটি প্রতিরোধে নানাধরনের পদৰেপ গ্রহণ করা যায় বলে আমি মনে করি। পণ্য ক্রয় করার মতোই যৌতুক নিয়ে কন্যাপৰ ও বরপৰের মধ্যে দরকষা কষি হয়ে থাকে। স্বচ্ছল পরিবারের জন্য এটি সাধারণ ব্যাপার হলেও দরিদ্র পরিবারের জন্য তা নিদারবণ কস্টের ও বিড়ম্বনার। আর উদ্দীপকের জাহিদ যৌতুক প্রথার কুপ্রভাব সম্পর্কে অবগত। জাহিদের মতো আমাদেরকেও যৌতুক প্রথান বরবদ্ধে সোচ্চার হয়ে উঠতে হবে। যৌতুক প্রথার বিরবদ্ধে ব্যাপক জনমত গড়ে তুলতে হবে, যাতে জনগণ এর বিরূ প প্রতিক্রিয়া সম্পর্কে সচেতন হতে পারে। যৌতুকের দাবিদার যারা তাদের বিয়েতে অংশগ্রহণ হতে বিরত থাকতে হবে এবং সামাজিকভাবে তাদেরকে বর্জন করতে হবে। সংবিধানে মহিলাদের অধিকার রৰার জন্য আইন প্রণয়ন এবং প্রণীত আইনের বাস্তবায়নে যথাযথ পদৰেপ গ্রহণ করতে হবে। বাংলাদেশের সর্বত্র যৌতুকবিরোধী আন্দোলন জোরদার করতে হবে। নারীশিৰার বৃদ্ধি ঘটিয়ে তাদেরকে আধুনিক শিৰায় শিৰিত করে তুলতে হবে। পরিশেষে বলা যায়, যৌতুক একটি সামাজিক কুপ্রথা। এ ব্যাধি থেকে বেরিয়ে আসার জন্য আমাদের সর্বোচ্চ চেস্টা করতে হবে।

**প্রশ্ন- ১ ▸▸**

দরিদ্র দিনমজুর ফরিদের সাথে পপির বিয়ে হয়েছিল মাস চারেক আগে। দরিদ্র পিতা মেয়ের সুখের কথা চিন্তা করে বিয়ের শর্ত অনুযায়ী ২০ হাজার টাকা দিয়েছিল জামাইকে। কিন্তু এতে সন্তুস্ট হতে পারেনি জামাই ফরিদ। সে আরও টাকা আনার জন্য পপির ওপর নির্যাতন শুরব করে। অসহ্য নির্যাতনের কারণে শেষ পর্যন্ত পপির বাবা মেয়েকে নিজের বাড়িতে নিয়ে আসেন এবং তাকে একটি সেলাই মেশিন কিনে দেন।

ক. কোনটিকে যৌতুক প্রথার মূল কারণ বলে মনে করা হয়? ১

খ. যৌতুক প্রথার কুফল থেকে কীভাবে মুক্ত হওয়া সম্ভব? ২

গ. উদ্দীপকে ফরিদ কেন যৌতুক নিয়েছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ."সেলাই মেশিন ক্রয়ের পদৰেপটি পপির অসহায় অবস্থার অবসান ঘটাবে"- উক্তিটি মূল্যায়ন কর। ৪

**ক** দারিদ্র্যকে যৌতুক প্রথার মূল কারণ বলে মনে করা হয়।

**খ** যৌতুক প্রথার কুফল থেকে মুক্ত হতে হলে আমাদের সচেতন হতে হবে। যৌতুক প্রতিরোধ করার জন্য প্রথমেই সচেতন করতে হবে পারিবারকে। যৌতুক দেয়া ও নেয়া থেকে নিজেদের বিরত থাকতে হবে। একই সঙ্গে আমাদের প্রতিবেশীকেও এ বিষয়ে সচেতন করতে হবে। প্রয়োজন হলে গ্রহণ করতে হবে আইনের আশ্রয়, পরিবারের কন্যা সন্তানসহ সবাইকে উচ্চতর শিৰা গ্রহণে উদ্বুদ্ধ করা দরকার। এভাবেই যৌতুক প্রথা প্রতিরোধ করা সম্ভব।

**গ** উদ্দীপকের ফরিদ তার দরিদ্র অবস্থা ঘুচাতেই যৌতুক নিয়েছিল। বাংলাদেশে যৌতুক প্রথা একটি মারাত্মক সামাজিক ব্যাধি। এর পেছনে নানা কারণ রয়েছে। তবে দারিদ্র্যের কারণেই এ সমস্যার সৃষ্টি হয়েছে বলে মনে করা হয়। এদেশের অধিকাংশ বিবাহিত নারী সাংসারিক কাজে লিপ্ত থাকায় সে কোনো অর্থ উপার্জনে কোনো ভূমিকা রাখতে পারে না। তাই দারিদ্র্য পরিবারের স্বামী অতিরিক্ত ভরণপোষণের জন্য হিমশিম খেতে হয়। তাই সে স্ত্রীর পরিবার থেকে যৌতুক আদায়ের জন্য ক্রমাগত স্ত্রী ও তার পরিবারকে চাপ দেয়। দারিদ্র্যের কারণেই বরপৰ কনেপৰের কাছে অর্থ–সম্পদ দাবি করে। কনের পিতার অর্থ–সম্পদ ব্যবহার করেই বর প্রতিষ্ঠা লাভ করতে চায়। উদ্দীপকের দরিদ্র দিনমজুর ফরিদও এ কারণেই যৌতুক নিয়েছিল।

**ঘ** উদ্দীপকের পপি যৌতুকের কারণে নির্যাতনের শিকার হলে কোনো প্রতিকার না পেয়ে পপির বাবা মেয়েকে বাড়ি নিয়ে আসেন এবং একটি সেলাই মেশিন কিনে দেন। মেয়েকে স্বাবলম্বী করে তোলার লৰ্যেই পপির বাবা মেয়েকে সেলাই মেশিন কিনে দিয়েছেন। সেলাই মেশিনের দ্বারা পোশাক তৈরি করে সে সহজেই স্বাবলম্বী হয়ে উঠতে পারে। স্বামীর অনুগ্রহ ও নির্যাতন থেকে রেহাই পেতে পপি পোশাক তৈরি করে পর নির্ভরশীলতা এড়াতে সৰম হবে। আন্তরিকতা ও পরিশ্রমী মনোভাবের মাধ্যমে আমাদের দেশে অসহায় অনেক মেয়েই এ ধরনের কাজের মাধ্যমে ভবিষ্যতে আরও বড় ধরনের অর্থনৈতিক কর্মকাণ্ডের সঙ্গে সম্পৃক্ত হচ্ছে। তাই সেলাই মেশিন ক্রয়ের পদৰেপটি পপির অসহায় অবস্থার অবসান ঘটাবে– একথা নিঃসন্দেহে বলা যায়।

**প্রশ্ন– ২ ▸▸**

ধনাঢ্য ব্যবসায়ী আমজাদ হোসেন তাঁর একমাত্র উচ্চ শিৰিত মেয়ে মিতার সাথে প্রতিবেশী লুৎফর রহমানের ইঞ্জিনিয়ার পুত্র রাজীবের বিয়ে দেন। বিয়ের এক বছর যেতে না যেতেই রাজীব ঢাকায় একটি ফ্ল্যাট কেনার জন্য নগদ ৫০ লৰ টাকা নেয়ার জন্য মিতার উপর প্রবল চাপ সৃষ্টি করে। আমজাদ সাহেব টাকা দিতে অপারগতা প্রকাশ করেন। একদিন পারিবারিক কলহের জের ধরে রাজীবের হাতে নির্মমভাবে খুন হয় মিতা।[ন্যাশনাল আইডিয়াল স্কুল, ঢাকা]

ক. বাংলাদেশের সর্বপ্রথম 'যৌতুক নিষিদ্ধকরণ আইন' কত সালে পাশ হয়? ১

খ. বাংলাদেশের অধিকাংশ বিবাহিত নারী কীরূ প জীবনযাপন করে? ২

গ. রাজিবের অপরাধের শাস্তি কোন আইনের আওতায় হতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ.মিতার মতো উচ্চশিৰিত মেয়েদের বাঁচাতে সামাজিক আন্দোলনই ফলপ্রসূ– মতামত দাও। ৪

**ক** বাংলাদেশে সর্বপ্রথম 'যৌতুক নিষিদ্ধকরণ আইন' ১৯৮০ সালে পাস হয়।

**খ** বাংলাদেশের অধিকাংশ বিবাহিত নারী কেবল গৃহকর্মেই নিযুক্ত থাকে। ঘরের সব কাজ করলেও তার কোনো অর্থ উপার্জন হয় না। তারা স্বামীর সংসারে পরনির্ভরশীল জীবনযাপন করে। তাই এদেশের নারীরা অধিকাংশ ৰেত্রে স্বামীর নিগ্রহ ও নির্যাতন ভোগ করে।

**গ** যৌতুকলোভী রাজিব তার স্ত্রী মিতাকে নির্মমভাবে খুন করে। রাজিবের অপরাধের শাস্তি ১৯৮৩ সালের আইনের আওতায় হতে পারে। ১৯৮৩ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন অনুযায়ী যৌতুকের কারণে নির্যাতন করে নারীর মৃত্যু ঘটালে বা মৃত্যু ঘটানোর চেষ্টা করলে অপরাধীকে মৃত্যুদন্ড বা যাবজ্জীবন কারাদণ্ড ও অর্থদণ্ডে দণ্ডিত করা যাবে। যেহেতু রাজিব যৌতুকের কারণে মিতাকে হত্যা করেছে তাই যৌতুকলোভী রাজিবের অপরাধের শাস্তি ১৯৮৩ সালের আইনের আওতায় হতে পারে।

**ঘ** উদ্দীপকে বর্ণিত উচ্চশিৰিত মিতা যৌতুকের কারণে স্বামীর হাতে নির্মমভাবে খুন হয়। এৰেত্রে বলা যায়, কেবল উচ্চশিৰা যৌতুকের অভিশাপ থেকে মুক্তি পেতে যথেষ্ট নয়। বরং, আমি মনে করি এজন্য সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। যৌতুকবিরোধী সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য শিৰিত মানুষ, আইনজীবী, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্য এবং স্থানীয় উন্নয়ন কর্মীদের সহায়তা গ্রহণ করা দরকার। সবাই মিলে একটি যৌতুকবিরোধী সংগঠন গড়ে তুললে এই সামাজিক সমস্যা থেকে মুক্তি পাওয়া যাবে। এই সংগঠন যৌতুকের কারণে নির্যাতিত মানুষের পাশে দাঁড়াবে এবং তাদের সব ধরনের সহায়তাসহ আইনি সহায়তাও দেবে। তাছাড়া, এ সংগঠন যৌতুকবিরোধী সভা, পদযাত্রা এবং র‍্যালি করতে পারে। এতে সব মানুষের মধ্যে সচেতনতা তৈরি হবে এবং যৌতুকের থাবা থেকে রৰা পাবে আমাদের সমাজ। সুতরাং মিতার মতো উচ্চশিৰিত মেয়েদের বাঁচাতে সামাজিক আন্দোলন গড়ে তোলার বিকল্প নেই।

**প্রশ্ন– ৩ ▸▸**

আমিন সাহেবের মেয়ে দিনার বিয়ে। মেয়ের মামা জাফর সাহেব বরের জন্য বেশ দামি একটি স্বর্ণের চেইন উপহার দিলেন। তিনি মনে করেন এতে তার বোনের মেয়েটি স্বামীর ঘরে মাথা উঁচু করে থাকবে।

ক. কোথায় যৌতুক গ্রহণকে সামাজিক মর্যাদা হিসেবে দেখা হতো? ১

খ. বাংলাদেশের অধিকাংশ বিয়েতে কোন কুপ্রথার চর্চা হয়? ব্যাখ্যা কর। ২

গ. জাফর সাহেবের প্রদত্ত উপহার প্রকৃতপৰে কী হবে? ব্যাখ্যা কর। ৩

ঘ.তুমি কি জাফর সাহেবের ধারণার সাথে একমত? ব্যাখ্যা দাও। ৪

**ক** এথেন্সে যৌতুক গ্রহণকে সামাজিক মর্যাদা হিসেবে দেখা হতো।

**খ** বিয়ের সময় বর বা কনে বিপরীত পৰের কাছ থেকে যে অর্থ বা সম্পত্তি দাবি করে ও গ্রহণ করে তাকেই বলা হয় যৌতুক। বর্তমানে বাংলাদেশে প্রায় সবৰেত্রেই বরপৰ কনেপৰের কাছ থেকে যৌতুক দাবি করে। যৌতুক ছাড়া প্রায় কানো বিয়েই হয় না। এটি একটি সামাজিক কুপ্রথায় পরিণত হয়েছে।

**গ** জাফর সাহেবের উপহার প্রকৃতপৰে যৌতুক। মুসলিম পারিবারিক আইনে বিয়ের মোহরানাকে যৌতুক হিসেবে গণ্য করা হয় না। তাই বিয়ের মোহরানা ব্যতিত বিয়ের সময় বরকে যেকোনো প্রকার আর্থিক সহায়তা ও উপহার প্রদান করাকে যৌতুক বলা হয়। তবে বিয়ের সময় ৫০০ টাকা পর্যন্ত উপহার দিলে তা যৌতুক হিসেবে গণ্য হবে না। কিন্তু উদ্দীপকে জাফর সাহেব তার ভাগ্নি দিনার বিয়েতে বরকে দামি একটি চেইন উপহার দেন। যা নিঃসন্দেহে ৫০০ টাকার চেয়ে মূল্যমানে বেশি। উপরন্তু তা বিয়ের মোহরানাও নয়। তাই জাফর সাহেবের উপহার প্রকৃতপৰে যৌতুক।

**ঘ** আমি জাফর সাহেবের ধারণার সাথে মোটেও একমত নই। উদ্দীপকে জাফর সাহেব মনে করেন, দামি উপহার নিয়ে গেলে কনে স্বামীর বাড়িতে মাথা উঁচু করে থাকবে। এজন্য তিনি তার বোনের মেয়ের বিয়েতে উপহারের আবরণে দামি স্বর্ণের চেইন বরকে যৌতুক দেন। বস্তুত বাংলাদেশের অনেক সম্পদশালী মানুষ তাদের কন্যার বিয়েতে বিপুল অঙ্কের যৌতুক দেয়। জাফর সাহেবের মতো ধনী পিতা–মাতা ও অভিভাবকদের ধারণা যৌতুকের কারণে তাদের কন্যা স্বামীর ঘরে মাথা উঁচু করে থাকবে। কিন্তু এ কারণে যৌতুক প্রথা সমাজমানসের গভীর মূলে বাসা বেঁধেছে। নারীর মর্যাদা মোটেও বৃদ্ধি পায়নি। বরং এৰেত্রে বরপৰ আরও বেশি দাবি করে এবং নারী নির্যাতনের পথ বেছে নেয়। সমাজের বাস্তবতাও তাই। সুতরাং, বাস্তবতার প্রেৰিতে আমি মনে করি, জাফর সাহেবের ধারণা সম্পূর্ণ ভুল। যৌতুক নারীর মর্যাদাকে স্বামীর গৃহে উঁচু বা বৃদ্ধি করে না বরং অত্যাচারের পথ খুলে দেয়।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৬ ▸▸**

আজাদ আজকের একটি পত্রিকার প্রথম পৃষ্ঠার প্রথম খবরটা পড়ে বিষাদগ্রস্ত হয়ে পড়লেন। জামপুর গ্রামে এক স্বামী তার স্ত্রীকে কুপিয়ে হত্যা করেছে শুধুমাত্র বিয়ের সময় তার দাবিকৃত অর্থ না পাওয়ায়।

ক. দারিদ্য কী ধরনের সমস্যা? ১

খ. দেনমোহর বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে আজাদ সমাজে প্রচলিত কোন প্রথার খবরে বিষাদগ্রস্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত প্রথার বিরবদ্ধে সামাজিকভাবে আজাদের করণীয় বিশেরষণ কর। ৪

**ক** দরিদ্র্য বাংলাদেশের একটি সামাজিক সমস্যা।

**খ** ইসলাম ধর্মের রীতি অনুযায়ী দেনমোহর হল বিয়ের সময় স্বামী কর্তৃক স্ত্রীকে প্রদেয় নগদ অর্থ কিংবা অলঙ্কার কিংবা অন্যকোনো সম্পদ। দেনমোহর বিয়ের সময় নির্ধারণ করে নিতে হয়। এটি সাধারণত কনের পারিবারিক ও সামাজিক অবস্থান অনুযায়ী নির্ধারণ করা হয়ে থাকে। দেনমোহর স্ত্রীর নিজস্ব সম্পদ। এতে অন্য কারও কোনো অধিকার নেই।

***X-clusive* লিংক :** *প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** বাংলাদেশে যৌতুকের প্রভাব বর্ণনা কর।

**ঘ** যৌতুক প্রথা নিরোধকল্পে গৃহীত পদৰেপগুলো আলোচনা কর।

**প্রশ্ন– ৭ ▸▸**

কলি টিভিতে খবর দেখছিল। হঠাৎ একটি খবর তার নজর কাড়ল। সে দেখতে পেল স্বামী ও তার পরিবারের নির্যাতনের কারণে পলি নামের গৃহবধূ আত্মহত্যা করেছে। এর কারণ হিসেবে বলা হয়েছে পলির বাবার নিকট থেকে মোটা অংকের টাকা দাবি করে। গ্রামের শিৰিত যুবক সুমন এ ঘটনায় উৎকণ্ঠা প্রকাশ করে এর বিরবদ্ধে আইনি ব্যবস্থা নেয়ার পরামর্শ জানায় পলির পরিবারকে।

ক. কত সালে যৌতুক নিরোধ আইন সংশোধন করা হয়েছে? ১

খ. যৌতুক একটি সামাজিক সমস্যা- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে যে সামাজিক সমস্যার ইঙ্গিত পাওয়া যায় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সামাজিক সমস্যার ৰেত্রে উদ্দীপকে সুমনের পরামর্শের যথার্থতা বিশেরষণ কর। ৪

**ক** ১৯৮৬ সালে যৌতুক নিরোধ আইন সংশোধন হয়।

**খ** আমাদের দেশের নানা ধরনের সমস্যার মধ্যে অন্যতম সমস্যা হলো যৌতুক প্রথা। এদেশের বিবাহ সংক্রান্ত আইনে যৌতুক প্রদান নিষিদ্ধ কিন্তু তবুও অধিকাংশ বিয়েতে বরপৰ কন্যাপৰের কাছ থেকে নগদ অর্থ, জিনিসপত্র ইত্যাদি দাবি করে। বর্তমানে যৌতুক ছাড়া কোনো বিবাহ সম্পন্ন হয় না। এটি একটি কুপ্রথায় পরিণত হয়েছে।

***X-clusive* লিংক :** *প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** "যৌতুক প্রথা বাংলাদেশের অন্যতম একটি সামাজিক সমস্যা"–ব্যাখ্যা কর।

**ঘ** যৌতুক প্রথা নিরোধকল্পে যৌতুক নিরোধ আইন কতটুকু অবদান রাখবে বলে মনে কর। তোমার মতামত তুলে ধর।

## জ্ঞানমূলক প্রশ্ন ও অনুধাবনমূলক প্রশ্নের উত্তরঃ

### ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ আমাদের দেশের অন্যতম সামাজিক সমস্যা কোনটি?**

**উত্তর :** আমাদের দেশের অন্যতম সামাজিক সমস্যা হলো যৌতুক।

**প্রশ্ন ॥ ২ ॥ যৌতুক কী?**

**উত্তর :** বিয়ের সময় বর বা কনে বিপরীত পক্ষের কাছ থেকে যে অর্থ বা সম্পত্তি দাবি করে ও গ্রহণ করে তাকে বলা হয় যৌতুক।

**প্রশ্ন ॥ ৩ ॥ প্রাচীন চীনে যৌতুক প্রথা কেমন ছিল?**

**উত্তর :** প্রাচীন চীনে বিয়ের পর কনে স্বামীর ঘরে যৌতুক সঙ্গে নিয়ে যেত।

**প্রশ্ন ॥ ৪ ॥ কোথায় বিয়ের পর কনে স্বামীর ঘরে নিয়ে যেতো অর্থ সম্পত্তি?**

**উত্তর :** এথেন্সে বিয়ের পর কনে স্বামীর ঘরে নিয়ে যেত অর্থসম্পত্তি।

**প্রশ্ন ॥ ৫ ॥ বিবাহিত নারীর প্রতি অত্যাচার ও সহিংসতার মূল কারণ কী?**

**উত্তর :** বিবাহিত নারীর প্রতি অত্যাচার ও সহিংসতার মূল কারণ যৌতুক।

**প্রশ্ন ॥ ৬ ॥ মুসলিম পারিবারিক আইনে কোনটিকে যৌতুক হিসেবে গণ্য করা হয় না?**

**উত্তর :** মুসলিম পারিবারিক আইনে মোহরানাকে যৌতুক হিসেবে গণ্য করা হয় না।

**প্রশ্ন ॥ ৭ ॥ বিয়ের সময় কত টাকা পর্যন্ত উপহার দিলে তা যৌতুক হিসেবে গণ্য হবে না?**

**উত্তর :** বিয়ের সময় ৫০০ টাকা পর্যন্ত উপহার দিলে তা যৌতুক হিসেবে গণ্য হবে না।

**প্রশ্ন ॥ ৮ ॥ কত সালে বাংলাদেশে যৌতুকনিরোধ আইন প্রণয়ন করা হয়?**

**উত্তর :** ১৯৮০ সালে বাংলাদেশে যৌতুক নিরোধ আইন প্রণয়ন করা হয়।

**প্রশ্ন ॥ ৯ ॥ কত সালে বাংলাদেশে যৌতুক নিরোধ আইন সংশোধন করা হয়?**

**উত্তর :** ১৯৮৬ সালে বাংলাদেশে যৌতুক নিরোধ আইন সংশোধন করা হয়।

**প্রশ্ন ॥ ১০ ॥ ১৯৮৬ সালের যৌতুক নিরোধ সংশোধিত আইনে যৌতুকের জন্য কী শাস্তির ব্যবস্থা করা হয়েছে?**

**উত্তর :** ১৯৮৬ সালের সংশোধিত আইনে যৌতুক প্রদান বা গ্রহণ করলে অপরাধীর সর্বনিম্ন ১ বছর এবং সর্বোচ্চ ৫ বছরের কারাদণ্ড হবে।

**প্রশ্ন ॥ ১১ ॥ বাল্যবিবহ বলতে কী বোঝায়?**

**উত্তর :** যে বিয়েতে বর কনে উভয়ই শিশু বা বর ও কনের মধ্যে যেকোনো একজন শিশু সে বিয়েকে বাল্যবিবাহ বলে।

**প্রশ্ন ॥ ১২ ॥ বাল্যবিবহের ক্ষেত্রে বয়সসীমা কত?**

**উত্তর :** ছেলেদের ৰেত্রে ২১ এবং মেয়েদের ৰেত্রে ১৮ বছর।

**প্রশ্ন ॥ ১৩ ॥ দরিদ্র পিতা কোন তার মেয়েকে কম বয়সে বিয়ে দেয়?**

**উত্তর :** জীবনযাপনের ব্যয়ভার বহন করতে পারে না বলে।

**প্রশ্ন ॥ ১৪ ॥ ছেলের বাবারা কেন কিশোরী কন্যাকে ঘরের বউ হিসেবে গ্রহণ করে?**

**উত্তর :** যৌতুক লাভের জন্য গ্রহণ করে।

**প্রশ্ন ॥ ১৫ ॥ মাতৃমৃত্যুতে ও শিশুমৃত্যুহার বৃদ্ধি পায় কেন?**

**উত্তর :** বাল্যবিবহের ফলে মাতৃমৃত্যু ও শিশুমৃত্যুহার বৃদ্ধি পায়।

**প্রশ্ন ॥ ১৬ ॥ বাল্যবিবহ সম্পর্কে সচেতনার জন্য কোনটি বেশি জরুরি?**

**উত্তর :** বাল্যবিবহ সম্পর্কে সচেতনতার জন্য শিৰাগ্রহণ জরবরি।

**প্রশ্ন ॥ ১৭ ॥ বাল্যবিবাহের ক্ষেত্রে শাস্তি কী?**

**উত্তর :** এক মাসের বিনাশ্রম কারাদণ্ড বা একহাজার টাকা জরিমানা এবং উভয় দণ্ডে দণ্ডিত হতে পারে।

**প্রশ্ন ॥ ১৮ ॥ বাংলাদেশে কত সালে বাল্যবিবাহ নিরোধ আইন গৃহিত হয়?**

**উত্তর :** ২০১৪ সালে।

### ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ "যৌতুক একটি সামাজিক সমস্যা" কেন।**

**উত্তর :** আমাদের দেশের নানা সামাজিক সমস্যার অন্যতম হচ্ছে যৌতুক প্রথা। এদেশের বিবাহসংক্রান্ত আইনে যৌতুক আদান প্রদান নিষিদ্ধ। তবু অধিকাংশ বিয়েতে বরপৰ কনেপৰের কাছ থেকে যৌতুক গ্রহণ করে। বর্তমানে যৌতুক ছাড়া কোনো বিবাহ সম্পন্ন হয় না। তাই এটি একটি সামাজিক কুপ্রথায় পরিণত হয়েছে।

**প্রশ্ন ॥ ২ ॥ ১৯৮০ সালের যৌতুক নিরোধ আইন উল্লেখ কর।**

**উত্তর :** বাংলাদেশ সরকার ১৯৮০ সালে যৌতুক নিরোধ আইন প্রণয়ন করে। এ আইন অনুযায়ী যৌতুক প্রদান বা গ্রহণ করলে সর্বোচ্চ ১ বছরের কারাদণ্ড বা পাঁচ হাজার টাকা অর্থদণ্ড হতে পারে। বিচারক অপরাধীকে একসঙ্গে উভয় দণ্ড দিতে পারেন। যৌতুক আদান-প্রদানে সহায়তাকারীও একই শাস্তি পাবে।

**প্রশ্ন ॥ ৩ ॥ ১৯৮৬ সালের সংশোধিত যৌতুক নিরোধ আইন সম্পর্কে যা জান লিখ।**

**উত্তর :** ১৯৮৬ সালের যৌতুক নিরোধ আইন সংশোধন করা হয়েছে। সংশোধিত আইন অনুযায়ী যৌতুক প্রদান বা গ্রহণ করলে অপরাধী সর্বনিম্ন ১ বছর এবং সর্বোচ্চ ৫ বছরের কারাদণ্ডে দণ্ডিত হবে।

**প্রশ্ন ॥ ৪ ॥ বাল্যবিবাহ কী? ব্যাখ্যা কর।**

**উত্তর :** যে ছেলেমেয়ের মধ্যে বিয়ে হয় তাদের মধ্যে যদি ছেলের বয়স ২১ বছর এবং মেয়ের বয়স ১৮ বছরের কম হয় অর্থাৎ বিয়ের জন্য আইন অনুমোদিত বয়সের চেয়ে উভয়ই যদি কম বয়সী হয় তাহলে সে বিয়েকে বাল্যবিবাহ বলে। শুধু ছেলের বয়স ২১ বছরের কম বা শুধু মেয়ের বয়স ১৮ বছরের কম হলে সে বিবাহ ও বাল্যবিবাহ বলে গণ্য হবে।

**প্রশ্ন ॥ ৫ ॥ বাল্যবিবাহের কারণসমূহ ব্যাখ্যা কর।**

**উত্তর :** বাল্যবিবাহের বহুবিধ কারণ রয়েছে এর মধ্যে প্রধান কারণ হচ্ছে দারিদ্র্য। দরিদ্র্য পিতা তার কন্যা সন্তানের জীবনযাপনের ব্যয়ভার বহন করতে না পেরে মেয়েকে শ্বশুরবাড়িতে পার করে। শুধু দারিদ্র্যের কারণে নয় অনেক সময় সামাজিক নিরাপত্তার অভাবে বাল্যবিবাহের প্রবণতা দেখা যায়। বখাটেদের উৎপাত থেকে রৰা পেতেও কম বয়সে বিয়ে দেয়া হয়। বাল্যবিবহের অন্যতম কারণ যৌতুক। যৌতুকের লোভে ছেলের বাবারা কিশোরী মেয়েকে বউ হিসেবে গ্রহণ করে যার ফলে বাল্যবিবাহ বাড়ে।

**প্রশ্ন ॥ ৬ ॥ বাল্যবিবাহের প্রভাব ব্যাখ্যা কর।**

**উত্তর :** বাল্যবিবাহের প্রভাব অনেক। বাল্যবিবাহের ফলে ছেলে মেয়েদের মানসিক ও শারীরিক পরিপক্কতা আসার পূর্বেই বাবা–মা হয়ে যায়। এতে দেখা যায় কিশোরী মেয়েটি শারীরিক পুষ্টিহীনতার স্বীকার হয়ে দুর্বল ও পুষ্টিহীন শিশুর জন্ম দেয়। মাতৃমৃত্য ও শিশু মৃত্যুর হার বৃদ্ধি পায়। অনেক ৰেত্রে বিবাহ বিচ্ছেদ হতে পারে।

**প্রশ্ন ॥ ৭ ॥ বাল্যবিবহ প্রতিরোধে করণীয় কী?**

**উত্তর :** বাল্যবিবাহ রোধের জন্য অন্যতম উপায় হল সচেতনতা। তাই সচেতনতা বাড়ানোর লৰ্যে কিশোর কিশোরীদের উপযুক্ত শিৰায় শিৰিত করে তুলতে হবে। বাল্যবিবাহ একটি শাস্তিযোগ্য অপরাধ এ বিষয়ে সবাইকে সচেতন করতে হবে। বাল্যবিবহের কুফল সম্পর্কে সচেতন হতে হবে। ছেলে–মেয়ে প্রত্যেককেই নিজের পায়ে দাঁড়াতে হবে। একটি আত্মনির্ভরশীল জাতি বাল্যবিবাহ প্রতিরোধে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করবে। বিশেষ করে মেয়েদের বাল্যবিবাহের কুফল সম্পর্কে সচেতন করে তুলতে হবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ **বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

## ➲ পাঠ-১ : বাংলাদেশে যৌতুক প্রথা

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **অধিকাংশ বিয়েতে বরপক্ষ কনেপক্ষের কাছে কী দাবি করে?** (জ্ঞান)
ক সম্মান খ প্রভাব ● যৌতুক ঘ পদক

২. **কোন দেশে প্রাচীনকালে বিয়ের পর কনে স্বামীর ঘরে যৌতুক নিয়ে যেত?**
ক এথেন্সে ● চীনে গ মিশরে ঘ ভারতে

৩. **এথেন্সে বিয়ের পর কনে স্বামীর ঘরে কী নিয়ে যেত?** (জ্ঞান)
ক চেয়ার-টেবিল খ থালা-বাটি
● অর্থ-সম্পত্তি ঘ খাট-পালং

৪. **এথেন্সে যৌতুক প্রথাকে কী হিসেবে দেখা হতো?** (জ্ঞান)
● সামাজিক মর্যাদা খ অসামাজিক মর্যাদা
গ গুনাহর কাজ ঘ পুণ্যের কাজ

৫. **বাংলাদেশের বিবাহসংক্রান্ত আইনে কী নিষিদ্ধ করা হয়েছে?** (জ্ঞান)
ক মোহরানা প্রদান খ বিবাহ দেয়া
● যৌতুক আদান-প্রদান ঘ ঘুষ প্রদান

৬. **বাংলাদেশের অধিকাংশ বিয়েতে কারা যৌতুক দেয়?** (জ্ঞান)
● কনেপক্ষ খ বরপক্ষ গ সমাজ প্রধান ঘ অতিথি

৭. **কী কারণে সমাজ জীবনে নানা সমস্যার সৃষ্টি হয়?** (জ্ঞান)
● যৌতুকের খ লেখাপড়ার গ অর্থকড়ি ঘ মায়া-মমতা

৮. **কী কারণে স্বামীর সংসারে স্ত্রীকে নিগ্রহ ভোগ করতে হয়?** (অনুধাবন)
ক মায়া-মমতা কম থাকায় ● যৌতুক দিতে না পারায়
গ ভালোবাসার ঘাটতি থাকায় ঘ আত্মবিশ্বাস কম থাকায়

৯. **বাংলাদেশে যৌতুক কী হিসেবে দেখা দিয়েছে?** (জ্ঞান)
ক রাজনৈতিক লড়াই খ পারিবারিক কলহ
গ অর্থনৈতিক দূরবস্থা ● সামাজিক ব্যাধি

১০. **"যৌতুক একটি প্রাচীন প্রথা"– বলতে কী বলা হয়েছে?** (অনুধাবন)
● অনেক পুরনো প্রথা খ নতুন প্রথা
গ আধুনিক সংস্কার ঘ বর্তমান প্রথা

১১. **যৌতুক কোন যুগের প্রথা?** (জ্ঞান) [পটুয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; খুলনা জিলা স্কুল।]
ক আধুনিক খ মধ্যযুগীয় ● প্রাচীন ঘ কৃষি সমাজের

১২. **বরপক্ষ কনে পক্ষের কাছে অর্থসম্পদ দাবি করে কেন?** (অনুধাবন)
ক বিলাসিতার কারণে ● দারিদ্র্যের কারণে
গ নিরক্ষরতার কারণে ঘ অসহায়ত্বের কারণে

১৩. **বর্তমানে বিবাহ বিচ্ছেদের পরিমাণ বাড়ছে কেন?** (অনুধাবন)
● যৌতুকের জন্য খ কুসংস্কারের জন্য
গ অশিক্ষার জন্য ঘ পারিবারিক কারণে

১৪. **বিয়ের পর দাম্পত্য কলহ সৃষ্টি হয় কেন?** (অনুধাবন)
ক অবিশ্বাসের জন্য খ সন্তানের জন্য
● যৌতুকের জন্য ঘ পিতামাতার কারণে

১৫. **আমাদের দেশে ধনী পিতামাতারা বিয়ের সময় মেয়েকে যৌতুক দেয় কোন ধারণা থেকে?** (অনুধাবন)
ক স্বামীর ঘরে বসে বসে খাবে খ মেয়ের আর্থিক সচ্ছলতার জন্য
● স্বামীর ঘরে মাথা উঁচু করে থাকবে স্বামীকে কোনো কাজ করতে হবে না

১৬. **"বাংলাদেশের বিবাহ আইনে এটি দেয়া ও নেয়া দুটিই নিষিদ্ধ"– এখানে কোনটির প্রতি ইঙ্গিত করা হয়েছে?** (প্রয়োগ)
● যৌতুক খ উপহার গ মোহরানা ঘ অলংকার বাগেরহাট সরকারি ালিকা উ

১৭. **অনেক সময় এ আইনের যথাযথ প্রয়োগ না হওয়ায় স্ত্রীর উপর নির্যাতন বাড়ছে। এখানে বাংলাদেশের কোন সামাজিক সমস্যার প্রতি ইঙ্গিত করা হয়েছে।**
ক নিরক্ষরতা খ বেকারত্ব ● যৌতুক ঘ মাদকাসক্ত

১৮. **বিয়ের সময় বর বা কনে বিপরীত পক্ষের কাছ থেকে যে অর্থ বা সম্পত্তি দাবি ও গ্রহণ করে তাকে কী বলে?** [বি.সি.আই.সি. কলেজ, মিরপুর, ঢাকা]
ক সম্পদ খ মোহরানা গ লোভ ● যৌতুক

১৯. **সংসারে পরনির্ভরশীল জীবনযাপন করে কে?** (জ্ঞান)
ক বাবা খ দাদা গ ভাই ● স্ত্রী

২০. **কোন ধরনের নারীরা অধিকাংশ ক্ষেত্রে স্বামীর নিগ্রহ ও নির্যাতন ভোগ করে?**
● পরনির্ভরশীল খ আত্মনির্ভরশীল
গ শিক্ষিত ঘ কর্মজীবী

২১. **নাফিসার বিয়েতে বরপক্ষ ৮ লক্ষ টাকা দাবি করল। এ দাবিটি নিচের কোনটির আওতাভুক্ত?** (প্রয়োগ)
● যৌতুক খ উপহার গ অধিকার ঘ ঋণ

২২. **বিবাহিত নারীর প্রতি অত্যাচার ও সহিংসতার মূল কারণ কী?** (অনুধাবন) [খুলনা জিলা স্কুল।]
ক হিংসা খ অশিক্ষা গ প্রতিহিংসা ● যৌতুক

২৩. **বাংলাদেশের অধিকাংশ নারী কোন কাজে নিযুক্ত থাকে?** (জ্ঞান)
● গৃহকর্মে খ ধর্মকর্মে
গ কৃষিকর্মে ঘ উৎপাদন কর্মে

২৪. **বাংলাদেশের অনেক সম্পদশালী মানুষ তাদের কন্যার বিয়েতে বিপুল অঙ্কের টাকা দেয়। এটাকে কী বলে?** (প্রয়োগ)
ক লোভ লালসা ● যৌতুক গ বিলাসিতা ঘ সহযোগিতা

২৫. **আমাদের মনে রাখা প্রয়োজন যে যৌতুক দেয়া ও নেয়া দুই-ই সমান অপরাধ। এ সংক্রান্ত আইন কোনটি?** (প্রয়োগ)
● যৌতুক নিরোধ আইন খ শিক্ষা বিষয় আইন
গ পরিবেশ আইন ঘ নারী আইন

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৬. **বাংলাদেশের কয়েকটি সামাজিক সমস্যা হলো–** (অনুধাবন)
i. জনসংখ্যা স্ফীতি ii. নিরক্ষরতা iii. যৌতুকপ্রথা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

২৭. **সামাজিক সমস্যা প্রতিকারের জন্য প্রয়োজন–** (অনুধাবন)
i. সামাজিক আন্দোলন গড়ে তোলা
ii. প্রচলিত আইনের যথাযথ প্রয়োগ
iii. সভা-সমিতির ব্যবস্থা করা

নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২৮. সামাজিক সমস্যার ফলে দেশের— (উচ্চতর দক্ষতা)

i. অর্থনৈতিক উন্নয়ন বাধাগ্রস্ত হয়
ii. সামাজিক উন্নয়ন বাধাগ্রস্ত হয়
iii. রাজনৈতিক উন্নয়ন বাধাগ্রস্ত হয়

নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২৯. যৌতুক যেসব সামাজিক সমস্যার মূল কারণ— (অনুধাবন)

i. বহুবিবাহ ii. বাল্যবিবাহ
iii. অপরাধ প্রবণতা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৩০. দাম্পত্য জীবনে যৌতুকের প্রভাব— (উচ্চতর দক্ষতা)

i. দাম্পত্য কলহ ii. নির্যাতন
iii. নারীর মর্যাদা

নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৩১. যৌতুকের দাবি পূরণ করতে না পারলে স্ত্রীকে— (অনুধাবন)

i. নিগ্রহ ভোগ করতে হয় ii. সংসার ছাড়তে বাধ্য করা হয়
iii. চাকরি করতে বাধ্য করা হয়

নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৩২. বাংলাদেশে যৌতুক হচ্ছে বিয়ের সময়— (অনুধাবন)

i. কনেকে প্রদত্ত মোহরানা ii. বরকে প্রদত্ত অর্থসম্পত্তি
iii. বরকে প্রদত্ত মূল্যবান সরঞ্জাম

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

৩৩. যেসব নারী সংসারে পরনির্ভরশীল তারা— (অনুধাবন)

i. স্বামীর নিগ্রহ ভোগ করে ii. স্বামীর নির্যাতন ভোগ করে
iii. স্বামীর কাছ থেকে অনুকম্পা পায়

নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও :**

কুতুবদিয়া গ্রামে নানা ধরনের সামাজিক সমস্যার সৃষ্টি হয়েছে। প্রায় ঘরে নারীদের উপর নির্যাতন চালানো হয়। তারা এ থেকে মুক্তিলাভের উপায় খুঁজছে।

[মানিকগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়]

৩৪. কুতুবদিয়া গ্রামের নানারকম সমস্যার মধ্যে মারাত্মক সামাজিক ব্যাধি হিসেবে দেখা দিয়েছে কোনটি?

ⓚ ম্যালেরিয়া ⓚ বাল্যবিবাহ ⓖ বহুবিবাহ ● যৌতুক প্রথা

৩৫. উক্ত সমস্যার কারণে যেসব সমস্যা সৃষ্টি হয়—

i. দাম্পত্য কলহ ii. স্ত্রী হত্যা
iii. বিবাহ বিচ্ছেদ

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## ➲ পাঠ-২ ও ৩ : যৌতুক নিরোধ আইন এবং যৌতুক প্রতিরোধে সামাজিক আন্দোলন

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৬. যৌতুক নিরোধ আইন প্রচলিত আছে কোন দেশে? (জ্ঞান)

● বাংলাদেশ ⓚ কলকাতায় ⓖ চীন ⓘ সিয়েরালিওনে

৩৭. বাংলাদেশে যৌতুক নিরোধ আইন প্রণয়ন হয় কত সালে? (জ্ঞান)

ⓚ ১৯৭৯ ⓚ ১৯৭১ ● ১৯৮০ ⓘ ১৯৮৫

৩৮. ১৯৮০ সালের যৌতুক নিরোধ আইন অনুযায়ী অপরাধী কী শাস্তি পাবে? (জ্ঞান)

ⓚ ১ বছর থেকে ৫ বছর কারাদণ্ড
ⓚ মৃত্যুদণ্ড বা ১৪ বছরের জেল
● ১ বছরের কারাদণ্ড বা পাঁচ হাজার টাকা অর্থদণ্ড
ⓘ যাবজ্জীবন কারাদণ্ড ও ২০ হাজার টাকা অর্থদণ্ড

৩৯. ১৯৮৩ সালে কোন আইন চালু হয়? [বর্ণমালা আদর্শ উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা]

ⓚ যৌতুক নিরোধ আইন ⓚ সংশোধিত যৌতুক নিরোধ আইন
● নারী ও শিশু নির্যাতন দমন আইন ⓘ নারী ও শিশু পাচার প্রতিরোধ আইন

৪০. কোনটি দেয়া এবং নেয়া থেকে বিরত থাকতে হবে? (জ্ঞান)

ⓚ কৌশল ⓚ স্নেহ ● যৌতুক ⓘ দয়ামায়া

৪১. বিয়ের সময় কত টাকা পর্যন্ত উপহার দিলে তা যৌতুক হিসেবে গণ্য হবে না? (জ্ঞান)

ⓚ ৩০০ ● ৫০০ ⓖ ৭০০ ⓘ ৯০০

৪২. কত সালের আইন অনুযায়ী যৌতুকের কারণে নির্যাতনের ফলে নারীর মৃত্যু ঘটানোর চেষ্টা করলে যাবজ্জীবন কারাদণ্ড ও অর্থদণ্ডে দণ্ডিত করা যাবে? (জ্ঞান)

ⓚ ১৯৮০ ⓚ ১৯৮১ ⓖ ১৯৮২ ● ১৯৮৩

৪৩. ১৯৮৬ সালের আইন অনুযায়ী যৌতুক প্রদান বা গ্রহণকারীর শাস্তি কী? (জ্ঞান)

ⓚ সর্বোচ্চ ১ বছরের কারাদণ্ড ⓚ সর্বোচ্চ ২ বছরের কারাদণ্ড
ⓖ সর্বোচ্চ ৩ বছরের কারাদণ্ড ● সর্বোচ্চ ৫ বছরের কারাদণ্ড

৪৪. শামসু মিয়া তার স্ত্রী রহিমা বিবিকে যৌতুকের জন্য হত্যা করল। তার কী ধরনের শাস্তি হতে পারে? (প্রয়োগ)

ⓚ ১ বছরের কারাদণ্ড ⓚ পাঁচ হাজার টাকা অর্থদণ্ড
● মৃত্যুদণ্ড ⓘ ৫ বছরের কারাদণ্ড

৪৫. কোন সমস্যা প্রতিরোধে সামাজিক আন্দোলন গড়ে তোলা দরকার? (জ্ঞান)

ⓚ মানবতা ⓚ ভালোবাসা ● যৌতুক ⓘ উচ্চশিক্ষা

৪৬. বাংলাদেশে যৌতুক নিরোধ আইন প্রণয়ন হয়েছে কেন? (অনুধাবন)

ⓚ বাল্যবিবহ বন্ধ করার জন্য ⓚ বহু বিবাহ বন্ধ করার জন্য
ⓖ নারী নির্যাতন কমানোর জন্য ● যৌতুক প্রথা বন্ধ করার জন্য

৪৭. যৌতুক নিরোধ আইন সম্পর্কে আমাদের সচেতন হতে হবে কেন? (অনুধাবন)

ⓚ যৌতুকের সুফল লাভ করার জন্য
ⓚ যৌতুক সম্পর্কে বিস্তারিত জানার জন্য
● যৌতুকের কুফল থেকে মুক্ত হওয়ার জন্য
ⓘ দারিদ্র্যের অভিশাপ থেকে মুক্তি পাওয়ার জন্য

৪৮. যৌতুক বিরোধী সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে কেন? [ক্যামব্রিয়ান স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ⓚ সমাজে যৌতুক বাধ্যতামূলক করার জন্য ● যৌতুকের অভিশাপ থেকে মুক্তি পেতে
ⓖ যৌতুক প্রথাকে অভিনন্দন জানাতে ⓘ বাল্যবিবাহ রোধ করতে

৪৯. **সংগঠিত সামাজিক প্রতিরোধ বলতে কী বোঝানো হয়েছে?** (অনুধাবন)
ⓚ অর্থনৈতিক আন্দোলন ● সামাজিক আন্দোলন
ⓖ পারিবারিক আন্দোলন ⓘ রাজনৈতিক আন্দোলন

৫০. **যৌতুকের থাবা থেকে রক্ষা পাবে আমাদের সমাজ। এখানে 'যৌতুকের থাবা' বলতে কী বোঝানো হয়েছে?** (প্রয়োগ)
ⓚ যৌতুকের ভালো দিক ● যৌতুকের কুফল
ⓖ কুসংস্কার ⓘ রাজনৈতিক প্রভাব

৫১. **মেয়েদের উচ্চশিক্ষায় শিক্ষিত হতে হবে কেন?** (অনুধাবন)
● যৌতুকের অভিশাপ থেকে মুক্তি পেতে ⓚ যৌতুক দেয়ার উপযুক্ত হতে
ⓖ যৌতুক নেয়ার উপযুক্ত হতে ⓘ ভালো চাকরি করতে

৫২. **কোন সালে যৌতুক নিরোধ আইন সংশোধন করা হয়?** (জ্ঞান)
[বাগেরহাট সরকারি উচ্চ বিদ্যালয়; ভি. জে. সরকারি উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গা।]
ⓚ ১৯৮১ ⓚ ১৯৮২ ⓖ ১৯৮৪ ● ১৯৮৬

৫৩. **বাংলাদেশের সমাজজীবনে যৌতুক প্রথা বিস্তৃতির প্রধান কারণ হিসেবে তুমি নিচের কোনটি চিহ্নিত করবে?** (উচ্চতর দক্ষতা)
● দারিদ্র্য ⓚ শিক্ষা ⓖ অস্থিরতা ⓘ দুর্নীতি

৫৪. **যৌতুকের কুফল হিসেবে নিচের কোনটিকে চিহ্নিত করবে?** (উচ্চতর দক্ষতা)
ⓚ জন অসন্তোষ ⓚ সামাজিক বঞ্চনা ● নারী নির্যাতন ⓘ এককবিবাহ

৫৫. **বর্তমানে বিয়ের ক্ষেত্রে কীসের আদান–প্রদান বেড়ে গেছে?** (জ্ঞান)
● যৌতুক ⓚ মোহরানা ⓖ উপহার ⓘ পোশাক

৫৬. **যৌতুক নিরোধ আইন সংশোধন করা হয়েছে কেন?** (অনুধাবন)
ⓚ অপরাধীর শাস্তি কমাতে ● অপরাধীর শাস্তি বাড়াতে
ⓖ অপরাধীকে মুক্তির পথ করে দিতে ⓘ সহায়তাকারীকে শাস্তির আওতায় আনতে

৫৭. **যৌতুক প্রথা থেকে মুক্তি পেতে আমাদের কী করতে হবে?** (অনুধাবন)
ⓚ আইন প্রণয়ন করতে হবে ⓚ আইনের অবাধ্য হতে হবে
ⓖ যৌতুক বর্জন করতে হবে ● সচেতন হতে হবে

৫৮. **যৌতুকের কুফল থেকে রক্ষা পেতে কী গ্রহণ করা দরকার?** (অনুধাবন)
ⓚ পারিবারিক শিক্ষা ⓚ সামাজিক শিক্ষা ⓖ ধর্মীয় শিক্ষা ● উচ্চ শিক্ষা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৯. **যৌতুকের সাথে যেসব ঘটনার সম্পর্ক আছে–** (অনুধাবন)
i. নারী নির্যাতন ii. নারী অপহরণ
iii. বিবাহ বিচ্ছেদ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৬০. **যৌতুক নামক অভিশাপ থেকে মুক্তি পেতে যেসব আইনের সফল বাস্তবায়ন একান্ত আবশ্যক–** (উচ্চতর দক্ষতা)
i. যৌতুক নিরোধ আইন ii. মুসলিম পারিবারিক আইন
iii. নারী ও শিশু নির্যাতন দমন আইন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৬১. **যৌতুক প্রথা সমস্যার সৃষ্টি করে–** (অনুধাবন)
i. রাজনৈতিক জীবনে ii. সামাজিক জীবনে
iii. পারিবারিক জীবনে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

৬২. **যৌতুকবিরোধী সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য সহায়তা গ্রহণ করা প্রয়োজন–** (অনুধাবন)
i. আইনজীবীদের
ii. স্থানীয় উন্নয়ন কর্মীদের
iii. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৬৩. **যৌতুকবিরোধী সংগঠনের কার্যক্রমসমূহ–** (অনুধাবন)
i. যৌতুকবিরোধী সভা, পদযাত্রা, র‌্যালি করা ii. নির্যাতিত মানুষের পাশে দাঁড়ানো
iii. আইনি ও সব ধরনের সহায়তা দান
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৬৪. **যৌতুকবিরোধী সামাজিক আন্দোলন গড়ে তোলার ফলাফল–** (উচ্চতর দক্ষতা)
[ভি. জে. সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গা]
i. বিবাহবিচ্ছেদ বন্ধ হয় ii. নারী নির্যাতন বন্ধ হয়
iii. সকলের সচেতনতা বৃদ্ধি হয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৬৫ ও ৬৬ নং প্রশ্নের উত্তর দাও :**
আমাদের পাশের বাড়ির একটি মেয়ের বিয়েতে যৌতুক দেওয়ার কথা হয়েছে। পুলিশ সেই খবর পেয়ে বর ও কনের পক্ষের অভিভাবকদের ধরে জেলে নিয়ে যায়। তাদের এক বছরের কারাদণ্ড এবং পাঁচ হাজার টাকা অর্থদণ্ড দিতে হয়।

৬৫. **বর ও কনে পক্ষের অভিভাবকদের কোন আইনের আওতায় শাস্তি দেওয়া হয়েছে?** (প্রয়োগ)
● ১৯৮০ সালের যৌতুক নিরোধ আইন
ⓚ ১৯৮৬ সালের যৌতুক সংশোধিত আইন
ⓖ ১৯৮৩ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন
ⓘ মুসলিম পারিবারিক আইন

৬৬. **অনুচ্ছেদে উল্লিখিত অবস্থা এড়াতে–** (উচ্চতর দক্ষতা)
i. যৌতুকের কুফল সম্পর্কে সবাইকে সচেতন করা
ii. যৌতুকবিরোধী সামাজিক আন্দোলন গড়ে তোলা
iii. আইনের যথাযথ প্রণয়ন ও বাস্তবায়ন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

### ➲ পাঠ-৪ : বাল্যবিবাহের ধারণা ও কারণ ➠ বোর্ড বই, পৃষ্ঠা-৯২

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬৭. **বাল্যকালে বা কিশোরকালে ছেলেমেয়েদের মধ্য বিয়ের ঘটনা ঘটলে তাকে কী বলা হয়?** (জ্ঞান)
ⓚ বহুবিবাহ ⓚ অনুলোম বিবাহ
● বাল্যবিবাহ ⓘ প্রতিলোম বিবাহ

৬৮. **বাংলাদেশ কত সালের বাল্যবিবাহ নিরোধ আইন অনুসরণ করে?** (জ্ঞান)

ক ১৯১৯ ● ১৯২৯ গ ১৯৩৯ ঘ ১৯৪৯

**৬৯. বাংলাদেশ কত সালে বাল্যবিবাহ নিরোধ আইন অনুমোদন করে?** (জ্ঞান)

ক ২০১০ খ ২০১২ ● ২০১৪ ঘ ২০১৬

**৭০. ছেলের বয়স ২১ এবং মেয়ের বয়স ১৮ এর কম হলে তাদের কী বলে?** (জ্ঞান)

ক বৃদ্ধ খ পৌঢ় গ তরবণ ● শিশু

**৭১. বাংলাদেশে বাল্যবিবাহের প্রধান কারণ কী?** (জ্ঞান)

● দারিদ্র্য খ স্বচ্ছলতা গ নিপীড়ন ঘ ব্যর্থতা

**৭২. দরিদ্র্য পিতা কন্যা সন্তানের বাল্যবিবহ দেন কেন?** (অনুধাবন)

ক অর্থের লোভে খ ইচ্ছা পূরণ

● ভরণপোষণ করতে না পেরে ঘ প্ররোচনায় পড়ে

**৭৩. করিম সাহেব তার ১৪ বছরের মেয়েকে পাশের বাড়ির সুমনের সাথে বিয়ে দেয়। এক্ষেত্রে সামাজিক কোন সমস্যা ফুটে উঠেছে?** (প্রয়োগ)

● বাল্যবিবাহ খ বহুবিবাহ গ অনুলোম বিবাহ ঘ বিধবা বিবাহ

**৭৪. বাল্যবিবাহের আরেকটা কারণ কী?** (জ্ঞান)

ক ভালো খাবার খ বংশমর্যাদা ● যৌতুক ঘ স্বচ্ছলতা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭৫. বাল্যবিবাহ বলা যাবে—** (অনুধাবন)

i. কনের বয়স ১৮ এর কম হলে ii. ছেলের বয়স ২১ এর বেশি হলে

iii. বরের বয়স ২১ এর কম হলে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৭৬. বাল্যবিবাহ নিরোধ আইন ১৯২৯ অনুযায়ি শিশু বলতে বোঝায়—** (অনুধাবন)

i. ১৮ বছরের কম বয়সি মেয়েকে

ii. ২১ বছরের কম বয়সি ছেলেকে

iii. ২১ বছরের বেশি বয়সি ছেলেকে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৭৭. বাল্যবিবাহের কারণসমূহ হলো—** (অনুধাবন)

i. যৌতুক ii. দারিদ্র্যতা

iii. বখাটেদের উৎপাত

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৭৮. বাল্যবিবাহের পিছনে অন্যতম কারণ হলো—** (অনুধাবন)

i. বাবা-মার শখ ii. দাদি-নানির শখ

iii. প্রতিবেশির ইচ্ছা

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭৯ ও ৮০ নং প্রশ্নের উত্তর দাও :**

সাত্তার সাহেবের ১৪ বছরের মেয়ে রক্তিমা দশম শ্রেণিতে পড়ে। সে প্রতিদিন পায়ে হেঁটে বিদ্যালয়ে যায়। পাশের বাড়ির বখাটে ছেলে সোহাগ তাকে প্রতিদিন যাওয়া-আসার পথে উত্ত্যক্ত করে। রক্তিমা তার বাবাকে বিষয়গুলো জানালে তিনি মেয়েকে এক মাসের মধ্যে বিয়ে দিয়ে দেন।

**৭৯. উদ্দীপকে কোন সামাজিক সমস্যার কথা ফুটে উঠেছে?** (প্রয়োগ)

● বাল্যবিবাহ খ বহুবিবাহ গ যৌতুক ঘ বিধবাবিবাহ

**৮০. উক্ত সমস্যার প্রত্যক্ষ ফলাফল হলো—** (উচ্চতর দক্ষতা)

i. পারিবারিক অশান্তি ii. মেয়েদের স্বাস্থ্যঝুঁকি

iii. পারিবারিক নিরাপত্তা

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## ➲ পাঠ-৫ : বাল্যবিবাহের প্রভাব, প্রতিরোধ ও আইন

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮১. কীসের ফলে ব্যক্তিক ও সামষ্টিক সমস্যা তৈরি হয়?** (জ্ঞান)

● বাল্যবিবাহের খ নিরাপত্তার গ মাতৃত্বের ঘ বন্ধুত্বের

**৮২. শিশুদের উপযুক্ত শিক্ষায় শিক্ষিত করে তুলতে হবে কেন?** (অনুধাবন)

ক বাল্যবিবাহের জন্য খ বহুবিবাহের জন্য

● সচেতনতার জন্য ঘ নিরবতার জন্য

**৮৩. বাল্যবিবাহ কী ধরনের অপরাধ?** (জ্ঞান)

● শাস্তিযোগ্য খ ক্ষমার যোগ্য গ সম্মানজনক ঘ নিকৃষ্ট

**৮৪. বাল্যবিবাহ রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে কারা?** (জ্ঞান)

ক একটি পরনির্ভরশীল জাতি খ একটি বেয়াড়া জাতি

● একটি আত্মনির্ভরশীল জাতি ঘ একটি অশিক্ষিত জাতি

**৮৫. বাল্যবিবাহ রোধে কাদের সবচেয়ে বেশি সচেতন হতে হবে?** (জ্ঞান)

ক ছেলেদের ● মেয়েদের গ বৃদ্ধদের ঘ তরবণদের

**৮৬. পপি পড়াশোনা করে নিজের পায়ে দাড়িয়েছে। এর ফলে কোনটি রোধ করা যায়?**

● বাল্যবিবাহ খ স্বচ্ছলতা গ আইন ঘ প্রশাসন

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮৭. বাল্যবিবাহের ফলে বৃদ্ধি পায়—** (অনুধাবন)

i. মাতৃমৃত্যুহার ii. শিশু মৃত্যুহার

iii. পুষ্টিহীনতা

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৮৮. বাল্যবিবাহ রোধে গড়ে তুলতে হবে—** (অনুধাবন)

i. শিক্ষিত জাতি ii. আত্মনির্ভরশীল জাতি

iii. অশিক্ষিত জাতি

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৮৯. বাল্যবিবাহের শাস্তি হলো—** (অনুধাবন)

i. এক মাস বিনাশ্রম কারাদণ্ড ii. উভয় দণ্ডে দণ্ডিত হবে

iii. এক হাজার টাকা জরিমানা

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৯০ ও ৯১ নং প্রশ্নের উত্তর দাও :**

কালাম ও জাহিদ সাহেব পারিবারিকভাবে আলোচনা করে তাদের ১৮ বছরের ছেলে ও ১৪ বছরের মেয়ের বিয়ে ঠিক করে। বিয়ের পূর্বমুহূর্তে পুলিশ খবর পেয়ে ঘটনাস্থলে এসে কালাম

ও জাহিদ সাহেবকে গ্রেফতার করে নিয়ে যায়। তাদের দুজনের এক মাস বিনাশ্রম কারাদণ্ড ও এক হাজার টাকা জরিমানা হয়।

**৯০. অনুচ্ছেদের কালাম ও জাহিদ সাহেব কেন শাস্তিলাভ করেন?** (প্রয়োগ)

● বাল্যবিবাহের জন্য
ⓚ যৌতুকের জন্য
ⓖ বহুবিবাহের জন্য
ⓖ বিধবাবিবাহের জন্য

**৯১. উক্ত সমস্যা রোধে করণীয় হলো–** (উচ্চতর দক্ষতা)

i. সচেতনতা বাড়াতে হবে
ii. শিক্ষিত জাতি গড়ে তুলতে হবে
iii. আত্মনির্ভরশীল জাতি গড়ে তুলতে হবে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii